# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০১৩০

website: www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
e-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৩.২২-১০৬৪

তারিখঃ ২১ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## মেডিক্যাল অফিসার পদে মৌখিক পরীক্ষার ফলাফল সংক্রান্ত দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের **মেডিক্যাল অফিসার** পদে সরাসরি জনবল নিয়োগের জন্য স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৩.২২-৫২৩; তারিখঃ ১৬-০৫-২০২২ খ্রিঃ মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। প্রার্থীদের লিখিত পরীক্ষা ০২-০৭-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ২১-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে **মেডিক্যাল অফিসার** পদে নিয়োগের জন্য নির্বাচিত হয়েছেনঃ

| ক্রঃ নং | পদের নাম | নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীর রোল নম্বর |
|---|---|---|
| ১। | মেডিক্যাল অফিসার | 16033= ০১ জন। |

২। উক্ত রোল নম্বরধারী প্রার্থী প্রাথমিকভাবে নির্বাচিত (Preliminary Selected) বলে বিবেচিত হবেন। যা চূড়ান্ত নিয়োগের নিশ্চয়তা প্রদান করে না। প্রাথমিকভাবে নির্বাচিত উল্লিখিত রোল নম্বরধারী প্রার্থীর ব্যক্তিগত তথ্য/পূর্ব কার্যকলাপ সরকারের সংশ্লিষ্ট এজেন্সির মাধ্যমে/সরকার নির্ধারিত পদ্ধতিতে প্রতিপাদন (Verify) করা হবে। প্রতিবেদন (Verification Report) প্রাপ্তির পর প্রয়োজনীয় যাচাই-বাছাই করে যোগ্য প্রার্থীর সাময়িক নিয়োগের আদেশ যথাসময়ে জারী করা হবে।

৩। উপর্যুক্ত রোল নম্বরধারী প্রার্থীকে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ করতঃ মোট ০৫ (পাঁচ) সেট আগামী ১৫/০৯/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস সময়ের মধ্যে আবশ্যিকভাবে **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, লেভেল-১, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫** বরাবর (সরাসরি বা ডাকযোগে) দাখিল করতে হবে। পূরণকৃত ফরম যথাসময়ে দাখিলে ব্যর্থ হলে তিনি নিয়োগের অযোগ্য বলে গণ্য হবেন।

৪। উক্ত ভেরিফিকেশন ফরমের সাথে নিম্নে বর্ণিত সনদ/ডকুমেন্ট সমূহের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবেঃ
(ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান এবং এম.বি.বি.এস সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(খ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্র।
(গ) জাতীয়তার সনদপত্রের (NID) অনুলিপি।

৫। ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক পাওয়া না গেলে বা প্রার্থীর কোন তথ্যের অমিল/অসঙ্গতি পাওয়া গেলে, তিনি নিয়োগের অযোগ্য বলে গণ্য হবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৫/৯/22
(মোঃ সাজ্জাদ হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৩.২২-১০৬৪/১(২০)

তারিখঃ ২১ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**বিতরণ (বাছাই কমিটি-২):**

১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও চেয়ারম্যান, বাছাই কমিটি-২ ।
২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটি-২।
৩। উপ সচিব (প্রশাসন-২), পানি সম্পদ মন্ত্রণালয় ও সদস্য, বাছাই কমিটি-২।
৪। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, বাছাই কমিটি-২।
৫। চীফ মেডিক্যাল অফিসার, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, ঢাকা ও সদস্য (মনোনীত), বাছাই কমিটি-২।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, বাছাই কমিটি-২।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(উপরোক্ত দপ্তরাদেশটি বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৩। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পশ্চিম রিজিঃ/অর্থ), বাপাউবো, ঢাকা।
৫। নথির কপি।

06/09/2022

(আবু নাসের মোঃ কাসেম)
নির্বাহী প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।